ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০৭৩২৪/৫৬৩০১
অভিযোগ কেন্দ্র - ০৭৩২৪/৫৬১৩৬
ই-মেইল ঠিকানা – pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২১.৬৩২৮

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি" (ড্রাইভার পদে)

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর নিম্নবর্ণিত পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্ত আগ্রহী যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১।	ড্রাইভার	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ টাকা হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০১ টি (কম বেশী হতে পারে)	(ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন পড়তে/বুঝতে এবং বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পূরণে সক্ষম হতে হবে। ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে। (খ) সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে। (গ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (ঘ) যে কোন সরকারী/ আধা-সরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/বণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (ঙ) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং এর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (চ) ড্রাইভিং এর অভিজ্ঞতা হিসাব করা হবে শুধুমাত্র বি,আরটিএ কর্তৃক ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে।	বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেণী, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, লক্ষীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সুনামগঞ্জ, সিলেট, ঠাকুরগাঁও

শর্তাবলীঃ-

০১। **আবেদনপত্র পুরণ ও জমাদানঃ** পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর ওয়েবসাইট (www.pbs1.pabna.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (পরম নং-পমাসপ-১১০-০০২, ভার্ষণ-০১) ডাউনলোড পূর্বক A-4 সাইজের কাগজে স্ব-হস্তে পুরণ পূর্বক আগামী ১৮/১১/২০২১ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ১৮/১১/২০২১খ্রিঃ প্রার্থীর বসয় ১৮ (আঠার) বছর হতে ৪৫ (পঁয়তাল্লিশ) বছরের মধ্যে হতে হবে।

০৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম সম্বলিত সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

খ) বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ০৫ (পাঁচ) বছর পূর্বে বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি এবং হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর মেয়াদ সম্বলিত ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

গ) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

চ) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) সরকারী / আধা সরকারী / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ফরওয়ার্ডিং পত্র সংযুক্ত করতে হবে।

জ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তানের জন্য মুক্তিযোদ্ধার সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৪। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদেরকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৫। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভূল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৭। পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী / পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারী সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

০৯। নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/অত্র পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে গৃহীত স্বাস্থ্য পরীক্ষা ও ডোপ টেস্ট পরীক্ষার সনদ এবং যে কোন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার/পাবনা পবিস-১ এর অনুমোদিত ডাক্তার এর নিকট হতে চক্ষু পরীক্ষার সনদ দাখিল করতে হবে।

১০। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০.১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

১১। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

উল্লেখ্য যে, "ড্রাইভার" পদে ইতপূর্বে যে সকল প্রার্থীগণ আবেদন করেছিলেন তাদের পুনরায় নতুনভাবে আবেদন করতে হবে।

03/11/21
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। পুলিশ সুপার, পাবনা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------ পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পাবনা।
০৯। ডিজিএম (কারিগরী)/আটঘরিয়া/দাশুড়িয়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
১০। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর/ভাংগুড়া সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
১১। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা), পাবনা পবিস-১।
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১৩। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

03.11.21
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)